গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
www.lged.gov.bd

স্মারক নং-এলজিইডি/সিই/পিইউ-৩৬(অংশ-১)/২০০৬/১২৯২ তারিখ ঃ ১৩/১২/২০১৫

প্রতি,

১। প্রকল্প পরিচালক (সকল)
.......................................
এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।

২। নির্বাহী প্রকৌশলী (সকল)
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
জেলা ঃ ..............................।

৩। উপজেলা প্রকৌশলী (সকল)
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
........................উপজেলা, জেলাঃ .....................।

বিষয় ঃ <u>সিপিটিইউ এর Debar List এ ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠান সমূহকে অন্তর্ভূক্তকরণ প্রসঙ্গে</u>।

বর্ণিত বিষয়ের আলোকে সম্প্রতি এই মর্মে অভিযোগ পাওয়া যাচ্ছে যে, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতাধীন বিভিন্ন ক্রয়কারীর দপ্তর হতে পেশাগত অসদাচরন, অপরাধ ইত্যাদি কার্যকলাপের কারণে বিভিন্ন ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠানের Debar সংক্রান্ত প্রস্তাব ক্রয়কারী কার্যালয় প্রধান কর্তৃক অনুমোদিত হওয়ার পরও ক্রয়কারী বিধি অনুযায়ী পরবর্তী করণীয় অনুশাসন যথাযথ ভাবে পালন করছেন না। উল্লেখ্য ক্রয়কারী কার্যালয় প্রধান কর্তৃক সিদ্ধান্ত গ্রহণের পর পিপিআর ২০০৮ এর বিধি ১২৭(৫)(ঘ) অনুযায়ী ক্রয়কারীকে সংশ্লিষ্ট ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠান বরাবর এ সংক্রান্ত সিদ্ধান্ত অবহিত করে পত্র ইস্যু করতে হয় এবং সিপিটিইউ এর ওয়েবসাইটে Debar তালিকায় অন্তর্ভূক্ত করার জন্য সিপিটিইউকে পত্রের কপি প্রদান করতে হয়। কিন্তু, সংশ্লিষ্ট ক্রয়কারী, বিষয়টি নিশ্চিত করছেন না বিধায় Debarred কৃত ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠানসমূহের অন্যান্য দরপত্রে অংশগ্রহণের সুযোগ থেকে যাচ্ছে, যা পরবর্তীতে এলজিইডিকে জটিল আইনগত সমস্যায় ফেলে দিচ্ছে।

এমতাবস্থায়, আপনার দপ্তরের অধীন Debar কৃত ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠানসমূহ সিপিটিইউ এর ওয়েবসাইটে Debar তালিকায় যথানিয়মে অন্তর্ভূক্ত আছে/হয়েছে কিনা বিষয়টি নিশ্চিত করণের জন্য দ্রুত সকল ধরনের পদক্ষেপ গ্রহণের নির্দেশ দেয়া হলো।

১৩/১২/১৫

(শ্যামা প্রসাদ অধিকারী)
প্রধান প্রকৌশলী
ফোনঃ ৯১২৪০২৭
ই-মেইলঃ ce@lged.gov.bd

অনুলিপি -
১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল), এলজিইডি, সদর দপ্তর/বিভাগ।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), এলজিইডি, সদর দপ্তর/অঞ্চল।